

৩/১১/১৯



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

প্রশিক্ষণ ও যোগাযোগ উইং

BANGLADESH AGRICULTURAL RESEARCH INSTITUTE
JOYDEBPUR, GAZIPUR-1701

কৃষিই সমৃদ্ধি

Office Ph: 88-02-49270003

PABX: 49270041-8 Ex-5304

Fax: 88-02-9262954

E-mail: dir.tnc@bari.gov.bd

Web: www.bari.gov.bd

স্মারক নং-বারি/প্র. ও যো./মসলা গবেষণা প্রকল্প/পিএইচডি-২/২০১৯/ ৭৫৭

তারিখ: ৩০/৭/১৯

- প্রেরক : পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
প্রাপক : উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, বাহিরদিয়া, ফরিদপুর
বিষয় : রুস্পা সরকার, বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, বাহিরদিয়া, ফরিদপুর -এর অনুকূলে দেশে পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্তে বৃত্তিসহ প্রেরণাদেশ জারী প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-মগউকে/ফরিদ/ব্য-২/২০১৯/২০; তারিখ: ০৭/০৭/২০১৯ খ্রি.

রুস্পা সরকার (BARI2514), বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, বাহিরদিয়া, ফরিদপুর-এর অনুকূলে “বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় ০১/০৮/২০১৯ খ্রি. হতে ৩১/০৭/২০২২ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস উদ্যানতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে বৃত্তিসহ পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে প্রেরণাদেশ জারী করা হইল।

প্রেরণাদেশের শর্তাবলী:

১. পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য প্রেরণের সম্পূর্ণ মেয়াদকাল তিনি কর্মরত রহিয়াছেন বলিয়া গণ্য হইবে।
২. প্রেরণকালে তাঁহার প্রাপ্যতানুযায়ী স্বাভাবিক বেতন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।
৩. প্রেরণকালীন সময়ে তিনি “বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের নিয়মানুযায়ী মাসিক বৃত্তি এবং গবেষণা খরচ বাবদ অর্থ প্রাপ্ত হইবেন।
৪. পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য অত্র ইনস্টিটিউট কর্তৃক প্রণীত নীতিমালা মানিতে বাধ্য থাকিবেন।
৫. তিনি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর বরাবর অবশ্যই প্রেরণ করিবেন।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেরণাদেশ প্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে দপ্তরের যাবতীয় পাওনাদি গ্রহণ সাপেক্ষে অব্যাহতি প্রদান করিবেন।
৭. প্রেরণ শেষে যোগদানের তারিখ হইতে তিনি অঞ্জীকারনামা ও চুক্তিনামা অনুযায়ী বিএআরআই-তে ০৪ (চার) বৎসর চাকুরী করিতে বাধ্য থাকিবেন।
৮. প্রেরণ শেষ হইলে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর মহোদয়ের নিকট অভিসন্দর্ভ (ডিস্যারটেশন) এর মূল/খসড়া কপিসহ যোগদানপত্র পেশ করিবেন।
৯. প্রেরণ শেষে চাকুরীতে যোগদানের পর হইতে অঞ্জীকারনামা ও চুক্তিনামার নির্ধারিত শর্তসমূহ এবং চাকুরীর যাবতীয় নিয়মাবলী মানিতে বাধ্য থাকিবেন।
১০. ডিগ্রি অর্জনে ব্যর্থ হইলে চাকুরীর মেয়াদ পূরণসহ নির্ধারিত আর্থিক ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন।

স্বাক্ষরিত/-

(জেবুন নেহা)

পরিচালক (প্র. ও যো.)

স্মারক নং-বারি/প্র. ও যো./মসলা গবেষণা প্রকল্প/পিএইচডি-২/২০১৯/

তারিখ:

অনুলিপি:

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরআই, গাজীপুর
২. বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
৩. প্রকল্প পরিচালক, “বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ” প্রকল্প, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৪. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর। আপনাকে তথ্য সংরক্ষণ এবং বিএআরআই এর ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
৫. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, গাজীপুর
৬. রুস্পা সরকার, বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা উপ-কেন্দ্র, বিএআরআই, বাহিরদিয়া, ফরিদপুর
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৮. এসইআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৯. অফিস কপি

(জেবুন নেহা)

পরিচালক (প্র. ও যো.)